

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৯৪৯

ا كتاب المناسك على المناسك ا

পরিচ্ছেদঃ ১৯/২৮. লাঠির সাহায্যে রুকন (হাজরে আসওয়াদ)-কে চুমা দেয়া

بَابِ مَنْ اسْتَلَمَ الرُّكْنَ بِمِحْجَنِهِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، ح وَحَدَّثَنَا هَدِيَّةُ بْنُ عَبْدِ الْوَهَّابِ، حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى، قَالاَ حَدَّثَنَا مَعْرُوفُ بْنُ خَرَّبُوذَ الْمَكِّيُّ، قَالَ سَمِعْتُ أَبَا الطُّفَيْلِ، عَامِرَ بْنَ وَاثِلَةَ مُوسَى، قَالاَ حَدَّثَنَا مَعْرُوفُ بْنُ وَاثِلَة قَالَ رَأَيْتُ النَّبِيَّ - صلى الله عليه وسلم - يَطُوفُ بِالْبَيْتِ عَلَى رَاحِلَتِهِ يَسْتَلِمُ الرُّكْنَ بمِحْجَنِهِ وَيُقَبِّلُ الْمِحْجَنَ .

বাংলা

৩/২৯৪৯। আবৃ তুফাইল আমের ইবনে ওয়াসিলা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি যে, তিনি তাঁর সওয়ারীতে আরোহণ করে বাইতুল্লাহ তাওয়াফ করেন, নিজের লাঠির সাহায্যে রুকন স্পর্শ করেন এবং লাঠিতে চুমা দেন।

English

Ma'ruf bin Kharrabudh Al-Makki narrated:

"I heard Abu Tufail, 'Amir bin Wathilah, say: 'I saw the Prophet (ﷺ) performing Tawaf on his camel, touching the corner with his staff and kissing the staff.'"

ফুটনোট

মুসলিম ১২৭৫, আবু দাউদ ১৮৭৯, আহমাদ ১৩২৮৬, ইরওয়া ১১১৪, সহীহ আবু দাউদ ১৬৪২।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মা'রুফ বিন খাররাবুয আল-মাক্কী সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি সন্দেহের সাথে হাদিস বর্ণনা করতেন। ইবনু হাজার আল-



আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো সন্দেহ করেন। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি সত্যবাদী। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬০৮৬, ২৮/২৬৩ নং পৃষ্ঠা) ২. হাদিয়্যাহ বিন আবদুল ওয়াহহাব সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। ইবনু আবু আসিম বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো সন্দেহ করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৫৫৪, ৩০/১৫৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবুত্ব তুফায়ল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন